# ব্রি হাইব্রিড ধান৩

হাইব্রিড চাষে দিলে মন
গুণে মানে পাবে ধন

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), ফ্যাক্ট শীটঃ বোরো ধানের জাত

## জাত পরিচিতি

ব্রি হাইব্রিড ধান২ বোরো মৌসুমে চাষ উপযোগী ব্রি উদ্ভাবিত একটি জাত। ইহার কৌলিক সারি বিআর১১০৮এইচ (BR1108H)। এ জাতের ক্রস কম্বিনেশন হলো ব্রি১১ এ/ব্রি ১৫আর (BRRI 11A/BRRI 15R)। জাতটি ২০০৯ সালে জাতীয় বীজবোর্ড কর্তৃক অনুমোদন লাভ করে।

## জাতের বৈশিষ্ট্য

- এটি একটি আগাম জাত।
- গাছের উচ্চতা ১১০ সেন্টিমিটার।
- চাল মাঝারি মোটা।
- ভাত ঝরঝরে।

## জীবনকাল

এ জাতের জীবনকাল ১৪৫ দিন।

## ফলন

এ জাতের গড় ফলন ৯.০ টন/হেক্টর।



ব্রি হাইব্রিড ধান৩

## চাষাবাদ পদ্ধতি

১. **বীজ তলায় বীজ বপন ঃ** বীজ বপনের উপযুক্ত সময় হলো ০১ অগ্রাহায়ণ থেকে ৩০ অগ্রাহায়ণ পর্যন্ত অর্থাৎ ১৫ নভেম্বর থেকে ১৫ ডিসেম্বর।

২. **চারা রোপণঃ** চারা রোপনের উপযুক্ত সময় হলো ০১ পৌষ থেকে ৩০ পৌষ পর্যন্ত অর্থাৎ ১৫ ডিসেম্বর থেকে ১৫ জানুয়ারী।

৩. **বীজের হারঃ** ১৫-২০ কেজি/হেক্টর।

৪. **চারার বয়সঃ** ৩০-৩৫ দিনের চারা।

৫. **রোপণ দুরত্বঃ** ২০ সেমি × ১৫ সেমি ব্যবধানে রোপণ করতে হবে।

৬. **চারার সংখ্যাঃ** প্রতি গোছায় ১-২টি করে।

৭. **সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা)ঃ**

| | ইউরিয়া | টিএসপি | এমপি | জিপসাম | দস্তা |
|---|---|---|---|---|---|
| | ৩৬ | ১৭ | ১৬ | ৯ | ১ |
| ৭.১ জমি তৈরির সময় | ১২ | ১৭ | ১১ | ৯ | ১ |
| ৭.২ চারা রোপণের ১৫-২০ দিন পর | ১২ | | ৫ | | |
| ৭.৩ চারা রোপণের ৪০-৪৫ দিন পর | ১২ | | | | |

(ইউরিয়া সার সমান ৩ ভাগে ভাগ করে ১ম কিস্তি জমি তৈরির সময়, ২য় কিস্তি চারা রোপণের ১৫-২০ দিন পর এবং ৩য় কিস্তি চারা রোপনের ৪০-৪৫ দিন পর উপরি প্রয়োগ করতে হবে। তবে এলসিসি ভিত্তিক ইউরিয়া প্রয়োগ করাই উত্তম)।

৮. **আগাছা দমন ঃ** রোপনের পর অন্তত ৪৫ দিন পর্যন্ত জমি আগাছা মুক্ত রাখতে হবে।

৯. **সেচ ব্যবস্থাপনা ঃ** ধানের দুধ অবস্থা পর্যন্ত জমিতে যথেষ্ট পরিমাণ রসের ব্যবস্থা রাখতে হবে।

১০. **রোগ বালাই ও পোকামাকড় দমন ঃ** সমন্বিত বালাই ব্যবস্থাপনার মাধ্যমে পোকার দমন সম্ভব।

১১. **ফসল কাটা ঃ** ধান কাটার উপযুক্ত সময় হলো ২৫ চৈত্র থেকে ৫ বৈশাখ পর্যন্ত অর্থাৎ ৮ এপ্রিল থেকে ১৮ এপ্রিল। শীষের অগ্রভাগের শতকরা ৮০ ভাগ ধান সোনালী রং ধারণ করলে ধান কাটা শুরু করতে হবে।

**আরো তথ্যের জন্য ঃ**
পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd

অধিবেশন ২: মডিউল ২
ফ্যাক্ট শীট ১৭